REG. NO. C. 853


## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ১৶০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ঐক বিজ্ঞাপন দাতাকে নিজে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পত্রস্থ বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বার্ষিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন সেই সময় হইতে এক বৎসর পর্যন্ত জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


৫ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৫ই চৈত্র বুধবার ১৩২৫ ইংরাজী 19th March 1919. | ৩৭শ সংখ্যা।


# কেশরঞ্জন তৈল




কেশরঞ্জন নূতন নহে।—এ নবযুগে, যখন দেশে কোন স্বদেশী সুগন্ধি কেশতৈলের প্রচলন ছিল না—কেশরঞ্জন তখন আবির্ভূত হইয়া, আজ পর্য্যন্ত অব্যাহতভাবে, সমগ্র ভারতবাসীর মনোরঞ্জন করিয়া আসিতেছে। নিত্য নিত্য নব নব বিজ্ঞান রঙ্গে রঞ্জিত নাম বিশিষ্ট কত কেশতৈল বাহির হইতেছে। কিন্তু "কেশরঞ্জনের" আদর প্রতিপত্তি ও সুযশ এখনও অক্ষুণ্ণ।

কেশরঞ্জন সুগন্ধে বিশ্ববিজয়ী।—বিংশতি বৎসর পূর্ব্বে "কেশরঞ্জনের" উপাদানে যে সব দেব-দুর্ল্লভ দ্রব্যের সমাবেশ ছিল, আজও সেই সবই আছে; বরং সময়োপযোগী করিবার জন্য আরও নূতন নূতন উপাদান সংযোজিত হইয়াছে। ইহাতে দিন দিন "কেশরঞ্জনের" গুণ, যশ ও আদর বৃদ্ধি পাইতেছে।

কেশরঞ্জন ভারতের গৃহে গৃহে।—এখন নিজের শক্তিবলে মহাপরীক্ষায় উত্তীর্ণ হইয়া "কেশরঞ্জন" ভারতের গৃহে গৃহে বিরাজমান। কেবল ন—সুর ব্রহ্ম, সিংহল প্রভৃতি স্থানেও ইহার যথেষ্ট সমাদর।

কেশরঞ্জনের প্রতিদ্বন্দ্বী —কেন না, অনেকে অনুকরণের চেষ্টা করিয়াও সিদ্ধমনোরথ হইতে পারেন নাই।—কেন না, ভারত, ব্রহ্ম ও সিংহলের বড় বড় দিক্‌পাল, দেশাধিপতি, রাজা-মহারাজা হইতে সামান্য কুটীরবাসী পর্য্যন্ত কেশরঞ্জন ব্যবহার করেন। "কেশরঞ্জন" সুগন্ধে অননুকরণীয়,—গুণে অতুলনীয়। ইহা মস্তিষ্ক-রোগের আশু-প্রতিকারে মন্ত্রশক্তি সম্পন্ন

এক শিশি ১৲ এক টাকা, মাশুলাদি ।৶০ সাত আনা, তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা, মাশুলাদি ৸৶০ পোনর আনা। ডজন ৯৲ নয় টাকা, মাশুলাদি স্বতন্ত্র।

## দুইটী চিত্রের তুলনায় সমালোচনা!

স্বাস্থ্যহীনতার চিত্র।

মলিন মুখ, বিশীর্ণ দেহ, এক একখানি করিয়া যেন পঞ্জর দেখা দিতেছে। আহারে রুচি নাই, ক্ষুধা নাই, কাজে মন লাগে না, সর্ব্বদা মনের ভিতর দুশ্চিন্তা, রাত্রে নিদ্রা হয় না। শারীরিক ও স্নায়বিক দৌর্ব্বল্য এত বেশী যে আধপোয়া পথ চলিলে খুব ক্লান্ত হইতে হয়। কিন্তু যদি আমাদের "অশ্বগন্ধারিষ্ট" কিছুদিন সেবন করেন—তাহা হইলে নবজীবন লাভ করিবেন।

স্বাস্থ্যপূর্ণতার চিত্র।

তখন দেখিবেন—আপনার বিশীর্ণ গণ্ডে লোহিতাভ সঞ্চার হইয়াছে। আহারে রুচি হইয়াছে। শারীরিক ও মানসিক শ্রম করিতে আর আপনি অপারক নন। সম্মুখে ইউনিভারসিটী পরীক্ষা। নব উৎসাহে, নবজীবনে আপনি দিনরাত খাটিতেছেন—একটুও ক্লান্তি নাই, অবসাদ নাই। এ জন্য জানিয়া রাখুন—সর্ব্ববিধ স্নায়বিক ও দৈহিক দুর্ব্বলতার জন্য আমাদের অশ্বগন্ধারিষ্ট দেশপ্রসিদ্ধ মহৌষধ।

এক শিশির মূল্য ১৲ এক টাকা; মাশুলাদি ৷৶০ এগার আনা।

গবর্ণমেণ্ট-মেডিক্যাল-ডিপ্লোমাপ্রাপ্ত,

শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।



# হিলিংবাম

নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালাক্ষয়!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গণোকোকাই" জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য কেবল মাত্র ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল ভাল ঔষধের 'ভেল' হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। ভাল হিলিংবাম ছাড়া অনেক "বাম" আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্রনালী টন্ টন্ করা, রক্ত পূঁজ যুক্ত খড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, মাথাধরা, মাথাঘোরা, অরুভাব, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হাত-পা-গা টাটান, গাঁট কন্ কন্ করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনায় এমন কি প্রস্রাবসহ বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা গুনিয়া শেষ করা যায় না। ধনী নির্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

## কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস,) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস—পি, এস, ডি,—এস, এস, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি, এম; (৩) মেজর এন, পি, সিংহ, (আই, এম, এস,) এম, আর, সি, পি এম, আর, সি, এস; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এম, পুরুং এম, ডি; (৭) আর মনিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এস, এ; (৯) ডাঃ এ, ফারুখী, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি, সি, বেজবড়ুয়া; এল, আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি, পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২৷০; ছোট শিশি ১৷০; ভিঃ পিঃতে প্যাকিং ডাক খরচাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৫ই চৈত্র বুধবার, ১৩২৫ সাল।

## জঙ্গিপুর শ্মশান ঘাট।

আমরা শবদাহনার্থে উক্ত ঘাটে গিয়াছিলাম। দেখিলাম ইজারাদার এবারে বেশ শুষ্ক কাষ্ঠের ব্যবস্থা করিয়াছে। কিন্তু শব দাহনের স্থলে এত অস্থি ও কঙ্কাল ছড়াইয়া পড়িয়া আছে যে পা ফেলিবার স্থান নাই। রাত্রিতে প্রতি পাদ বিক্ষেপে মরার হাড় পায়ে ফুটিবার আশঙ্কা হয়। শুনা যায় যে মিউনিসিপালিটীর বেতনভোগী ডোম আছে, কিন্তু শ্মশান ঘাট পরিষ্কার করা তাহার কর্ত্তব্য কর্ম্ম কিনা জানিনা। যদ্যপি শ্মশান পরিষ্কার করা তাহার কর্ত্তব্য কার্য্য হয় তাহা হইলে সে কিছুই করে না। যে শ্মশান মিউনিসিপালিটীর অনেক আয়ের সম্পত্তি তাহার যাত্রীগণের সুবিধা অসুবিধার প্রতি দৃষ্টিপাত মিউনিসিপালিটীর একান্ত কর্ত্তব্য। আশা করি কর্ত্তারা একবার স্বচক্ষে শ্মশানের দশা নিরীক্ষণ করিয়া এতৎ সম্বন্ধে বিবেচনা করিবেন।

## পুলিশের কো-অপারেসন সভা।

—o—

রঘুনাথগঞ্জ থানার এলাকা জোতকমল গ্রামে বাবু বিরজাকান্ত সরকারের বাটীতে গত সোমবার পুলিশ কর্ম্মচারীগণের এক সভা হইয়াছিল। সভায় পুলিশ ইন্‌স্পেক্‌টর, রঘুনাথগঞ্জ ও লালগোলার সব ইং বাবুগণ, নিকটস্থ ইউনিয়নের প্রেসিডেন্ট পঞ্চায়ৎগণ ও তেঘরী এবং জোতকমল গ্রামের ভিলেজ ডিফেন্স কমিটীর কাপ্তেন বাবুরা উপস্থিত ছিলেন। নিকটস্থ গ্রাম সমূহের চুরি, চোর এবং মালখামীদের সম্বন্ধে আলোচনা করিয়া কি ভাবে কার্য্য করিলে পল্লীসমূহে শান্তিস্থাপন করা যায় তদ্বিষয়ে পুলিশের ইন্‌স্পেক্‌টর বাবু উপদেশ দিয়াছেন। এইরূপ সভা আহ্বানে সুফল হইতে পারে এরূপ আশা করা যায়।

## ইন্‌কম্ ট্যাক্স।

—o—

পূর্ব্বে ১০০০ এক হাজার টাকা আয়ের উপর ইন্‌কম্ ট্যাক্স দিবার নিয়ম ছিল। এবার সরকার বাহাদুর তাহা রহিত করিয়া ২০০০ দুই হাজার টাকার উপর ইন্‌কম্ ট্যাক্স দিবার ব্যবস্থা করিলেন। ফলে অনেকেই আয়করের দায় হইতে অব্যাহতি পাইবে। সরকার বাহাদুরের জয় জয়কার হউক।

## উপযুক্ত ভক্ত বিনে বীণাপাণি ডাষ্ট বিনে।

কলিকাতার সেণ্টপল কলেজের প্রিন্সিপাল সাহেব মিঃ জনষ্টন উক্ত কলেজের ছাত্রগণের পূজিতা সরস্বতী প্রতিমাকে আস্তাকুঁড়ে ফেলিয়া দিয়াছিলেন। তজ্জন্য সমগ্র হিন্দু সমাজের পক্ষ হইতে স্বনাম ধন্য শ্রীযুক্ত জিতেন্দ্রলাল বন্দ্যোপাধ্যায় মহাশয় প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট কিজ সাহেবের এজলাসে নালিশ করিয়াছিলেন। একথা আমরা পূর্ব্বেই প্রকাশ করিয়াছি। সম্প্রতি সাহেব বাহাদুর বাদীর নিকট তাঁহার এই কুকর্ম্মের জন্য ক্ষমা প্রার্থনা করায় মামলা মিটিয়া গিয়াছে। বিচারকও সাহেবকে তাঁহার দোষের কথা বুঝাইয়া দিয়া মার্জ্জনা করার জন্য বাদীপক্ষকে প্রশংসা করিয়াছেন। আমরা মনে করিয়াছিলাম আমাদের যেমন দশা আমাদের দেবতারও বা তাই হয় কেননা আমরা জানি—

"যদন্নঃ পুরুষো রাজন্ তদন্না পিতৃদেবতা।"

এক্ষণে বুঝিলাম এখনও অনেক হিন্দু আছেন যাঁহারা দেবতার মান মর্য্যাদার জন্য লড়াই করিতে পারে।

তাই বলি ঃ—

মাগো! সবাই মোরা নষ্ট অকর্ম্মা।
মান রেখেছে জিতেন শর্ম্মা॥
আস্তাকুঁড়ে থেকে গো মা।
সাহেবেরে কর ক্ষমা।

## মুন্সিজির পরিণাম।

ইমারত বিশ্বাস নামক জনৈক মুসলমানের বাস সমসেরগঞ্জ থানার এলাকায়। মুন্সী তামিজুদ্দিন নামক জনৈক ব্যক্তি ইমারতের কন্যার শিক্ষক ছিলেন (?)। মুন্সীজীর ঘাড়ে সয়তান শোয়ার হইয়া তাহার ছাত্রীর প্রণয়াকাঙ্ক্ষী হইবার প্রবৃত্তি জাগাইয়া দেয়। মতলব হাসিলের জন্য সে ছাত্রীকে শিক্ষার্থে কলিকাতা লইয়া যাইবার প্রলোভন দিয়া রামপুরহাটে লইয়া যায়। কন্যার পিতা থানায় খবর দেওয়ায় সমসেরগঞ্জের সুযোগ্য দারোগা বাবু শৈলেশচন্দ্র মিত্র আসামীকে গ্রেপ্তার করিয়া লইয়া আসেন। ট্রেণে আসিবার সময় মুন্সিজি চল্‌তি ট্রেণ হইতে লম্ফপ্রদান করিয়াছিলেন। কিন্তু তৎক্ষণাৎ ধৃত হইয়া জঙ্গিপুর মহকুমার কোর্টে বিচারার্থ আনীত হন। সবডিবিসনাল অফিসার তাহাকে দায়রা সোপরদ্দ করেন। দায়রার বিচারে মুন্সীজীর সশ্রম চারি বৎসর কারাদণ্ডের আদেশ হইয়াছে। রাজার বিচারে জেল হইল। এখনও কিন্তু রাজার রাজা বাদসার বাদসা খোদাতাল্লার বিচারে দোজক বাকি থাকিল।

## কাপড় চোরের জেল।

কিছুদিন পূর্ব্বে ধুলিয়ান বাজারে রামলাল সাহার দোকান হইতে কতকগুলি কাপড় চুরি যায়। সমসেরগঞ্জ থানার তদনীন্তন ছোট দারোগা বাবু হেমচন্দ্র বসু তৎপরতার সহিত তদন্ত করিয়া বিভূতি রাজবংশী ত্রিরিশ ও অপর একজন আসামীকে মালসহ গ্রেপ্তার করে। বিভূতির ঘরে নাকি কতকগুলি চোরা লোহাও বাহির হইয়াছিল। জঙ্গিপুর মহকুমা ম্যাজিষ্ট্রেটের বিচারে বিভূতির ১০ মাস ও অপর দুই জনের ৩ তিন মাস করিয়া সশ্রম ফাটক হইয়াছে। দারোগা বাবুর বাহাদুরী আছে।

## টাকা জালে ৫ বৎসর ফাটক।

কাঁদি রূপপুরের লাল দাস নামক এক ব্যক্তি গত ৩।৪ বৎসর হইতে মেকি টাকা প্রস্তুত করিতেছিল। সি, আই, ডি, ইন্‌স্পেক্টর বাবু প্রভাতচন্দ্র দত্ত (ইনি জঙ্গিপুরবাসী অনেকেরই পরিচিত, প্রথমে সুতী থানার দারোগা ছিলেন পরে জঙ্গিপুর মহকুমার ইন্‌স্পেক্টর হইয়াছিলেন) এই ব্যাপারের সন্ধান পাইয়া গত ১১ই ডিসেম্বর মুর্শিদাবাদের পুলিশ সাহেব ও অন্যান্য পুলিশ কর্ম্মচারীগণকে সমভিব্যাহারে লইয়া লাল দাসের বাড়ী খানাতল্লাসী করান, মাটীর ছাঁচ, জালমুদ্রা, ও টাকা জালের অন্যান্য সরঞ্জাম বাহির হয়। মুর্শিদাবাদ সেসন জজের বিচারে গত ১১ই মার্চ্চ লাল দাসের ৫ বৎসর সশ্রম কারাদণ্ড হইয়াছে। কান্দী অঞ্চলে জাল টাকা এত বিস্তৃত হইয়া পড়িয়াছে যে অনেক অশিক্ষিত গরীব লোককে অনেক সময় ঠকিতে হইতেছে। শুনা যাইতেছে যে লাল দাসের প্রস্তুত টাকা মেকী বলিয়া চেনা দুষ্কর সুতরাং মানুষ ঠকিবে তার বিচিত্র কি?

## দস্যুতা না শত্রুতা?

মির্জ্জাপুর থানার এলাকা থৈরটী গ্রাম হইতে শ্রীযুক্ত গুরুপদ চট্টোপাধ্যায় আমাদিগকে নিম্নলিখিত সংবাদটী পাঠাইয়াছেন ঃ—

গত ১০ই মার্চ্চ রাত্রি ১১টার সময় থৈরটী গ্রামের সাতকড়ি ঘোষ, পরমানন্দ সিংহ, ত্রিভঙ্গ সাহু, রামতারণ সাহু এবং প্রিয়নাথ মাল এই ৫ জন লোক জঙ্গিপুর হইতে থৈরটী আসিতেছিল। হাজিপুর এবং বেলড়িয়া গ্রামের মধ্যবর্ত্তী স্থানে গাড়ী আসিলে প্রায় ৫।৬ জন লোক আসিয়া তাহাদের গাড়ী আক্রমণ করে কিন্তু উভয় পক্ষে সমান সমান লোক দেখিয়া আততায়ীরা চলিয়া যায়। দিন দিন অন্ন বস্ত্রের যেরূপ অভাব পরিলক্ষিত হইতেছে তাহাতে দস্যুভয় হওয়া বিচিত্র নহে। যাহা হউক রাজপুরুষ ও শান্তিরক্ষকগণকে এ সমস্ত ব্যাপারে দৃষ্টিপাত করিতে হইবে।

## জঙ্গিপুরে কলেরার প্রকোপ।

রঘুনাথগঞ্জে কলেরার আবির্ভাব হইয়াছে। দেখিতে দেখিতে সহরের একপ্রান্ত হইতে

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১;
চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় ঔষধ ব্যবহার করুন। শ্বাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ /১ সের ৬৲ সাধারণ মকরধ্বজ ১ ভরি ৮৲ হিঙ্গুলোত্থ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি ১৬৲ ধাতুদৌর্ব্বল্য অগ্নিমান্দ্য ও সুতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অমোঘ। ছাত্র, প্রসুতি ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা ১ শিশি ১৲ হাঁপানীর "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই হাঁপ কষ্ট কমিবে। মূল্য ১ শিশি ৫০ ও ॥০ আনা। প্রদরের অশোকারিষ্ট, ক্ষয় ও কাসের দ্রাক্ষারিষ্ট, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ ও সকলপ্রকার রক্ত দুষ্টির অনন্তারিষ্ট ১ বোতল ১॥০ প্রমেহের চন্দনারিষ্ট ও চন্দনাদি চূর্ণ ১ দিনেই জ্বালা যন্ত্রণা ও পূয নির্গমন কমিবে। একত্রে ১৪ দিন সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ /০ ছটাক ॥৵০ অগ্নিমান্দ্যে গঙ্গাধরী পাচক ১ কৌটা ১৫ বটী ।০ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠ বদ্ধে গঙ্গাধরী রেচক বা দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী।৵০ ইহাতে আমবাত, কোমরের ব্যথা, পুরাতন জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সকালে কোষ্ঠ শুদ্ধি হয়। দন্ত মজ্জন ১ কৌটা ৵০। দাদের মলম ১ কৌটা ।০ আনা। অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্য সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনেয় ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত
কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়া।

---

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে।
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের উৎসবে, বর-কন্যার ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৮০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৮০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৵০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ।

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

---

যাবতায় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

---

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটিজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের
## সুদর্শন সার।
(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ দশ আনা।

ডাঃ নন্দলাল পাল,
রঘুনাথগঞ্জ।